# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইন্সটিটিউট

শ্রেণি –প্রিপ্যারেটরি
বিষয় – কাজ করা বোঝায় এমন শব্দ

## নিজে পড়ো
**(Class Work খাতায় করবে)**

১। সূর্য, মিতা, ফুল- এগুলি কি ধরণের শব্দ?
উঃ সূর্য, মিতা, ফুল- এগুলি নাম বোঝায় এমন শব্দ।

২। বামদিক ও ডানদিক মিলিয়ে লেখো:

| **বামদিক** | **ডানদিক** |
|---|---|
| সূর্য | ফোটে |
| মিতা | ওঠে |
| ফুল | পড়ে |

উঃ সূর্য ওঠে
মিতা পড়ে
ফুল ফোটে

৩। ক) সূর্যের কী অবস্থা বোঝাচ্ছে?
উঃ 'ওঠে'-এটা কাজ করা বোঝাচ্ছে।

খ) মিতা কি করছে?
উঃ 'পড়ে' এটা একটা কাজ বোঝাচ্ছে।

গ) ফুল কি হচ্ছে?
উঃ 'ফোটে' এটাও কাজ করা বোঝাচ্ছে।

৪। এখানে - ওঠে ,পড়ে,ফোটে, এগুলি কি ধরণের শব্দ?
উঃ ওঠে ,পড়ে,ফোটে, এগুলি কাজ করা বোঝায় এমন শব্দ।

**জেনে রাখো:**
৫। বাক্যে নাম বোঝায় শব্দ আগে বসে ও কাজ করা শব্দ বাক্যের শেষে বসে।
যেমন- *দাদা* *খেলছে*- এখানে দাদা নাম বোঝায় এমন শব্দ ও খেলছে কাজ করা বোঝায় শব্দ।

## নিজে করো
**(Home Work খাতায় করবে)**

৬। নাম বোঝায় ও কাজ করা শব্দ বেছে লেখো:
কোলকাতা, নাচ, সুজয়, পড়ে, বই, লেখে।

৭। কাজ করা শব্দ দিয়ে বাক্য তৈরি করো:
সুজয় রোজ বিদ্যালয়ে —।
দাদা গল্পের বই —।
পাখি গান —।

বিঃ দ্রঃ

- ছাত্র ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য comment box –এ পাঠাও
- নিজের নাম,শ্রেনি,বিভাগ,ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো

SRAI